**AKASHVANI KOLKATA**
**Regional News Unit**

**Date : 18-05-2026** **Time : 1-30**

**<u>বিশেষ বিশেষ খবরঃ–</u>**

১/ প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঁচ দেশীয় সফরের চতুর্থ পর্যায়ে সুইডেন থেকে নরওয়ের রাজধানী অসলোয় গিয়ে পৌঁছেছেন। এই সফরে ভারত-নরওয়ে দ্বিপাক্ষিক বৈঠক ছাড়াও তৃতীয় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনে তিনি যোগ দেবেন।

**#**শ্রী মোদী সুইডেন সফরকালে, সেদেশের কোম্পানীগুলিকে আরো বেশী করে ভারতে বিনিয়োগের আহ্বান জানিয়েছেন।

২/ মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের নতুন করে সতর্কবার্তার পর, পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি আরো জটিল আকার নিয়েছে।

৩/ কেরালাম-এ, আজ শপথ নিয়েছে, ভিডি সতীশনের নেতৃত্বে নতুন UDF মন্ত্রিসভা।

৪/ পশ্চিমবঙ্গ-এর মন্ত্রিসভা, বেশ কিছু গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিতে আজ দ্বিতীয় বৈঠকে বসে।

৫/ দক্ষিণ পশ্চিম মৌসুমী বায়ু, এমাসের ২৬ তারিখে কেরালামে প্রবেশ করার সম্ভাবনা।

৬/ IPL ক্রিকেটে আজ চেন্নাই সুপার কিংস, সানরাইজার্স হায়দ্রাবাদের মুখোমুখি হবে।

*************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী পাঁচ দেশীয় সফরের চতুর্থ পর্যায়ে সুইডেন থেকে নরওয়ের রাজধানী অসলোয় গিয়ে পৌঁছেছেন। এই সফরে ভারত-নরওয়ে দ্বিপাক্ষিক বৈঠক ছাড়াও তৃতীয় ভারত-নর্ডিক শীর্ষ সম্মেলনে তিনি যোগ দেবেন। নর্ডিক দেশগুলির সঙ্গে ভারতের সম্পর্ক আরো মজবুত হবে বলে আশা করা হচ্ছে।

নরওয়ে, ডেনমার্ক, ফিনল্যান্ড, আইসল্যান্ড এবং সুইডেনের প্রধানমন্ত্রীদের সঙ্গে এই তৃতীয় ভারত-নর্ডিক শিখর সম্মেলন হবে। শ্রী মোদী, রাজা হ্যারাল্ড ও রানি সনজার সঙ্গেও সাক্ষাৎ করবেন। ভারত-নরওয়ে বাণিজ্যিক ও গবেষণা সংক্রান্ত শিখর সম্মলেনে নরওয়ের প্রধানমন্ত্রী জোনাস গর স্টোর'ও থাকবেন। শ্রী মোদী তাঁর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠক করবেন। প্রযুক্তি ও উদ্ভাবন, পুননবীকরণযোগ্যে ও পরিবেশবান্ধব শক্তি, প্রতিরক্ষা, মহাকাশ সহ বিভিন্ন ক্ষেত্রে সম্মেলনে গুরুত্বপূর্ণ আলোচনা হবে। এটি শ্রী মোদীর নরওয়েতে প্রথম সফর। ভারত থেকে ৪৩ বছর পর এই প্রথম কোনো প্রধানমন্ত্রী সেখানে গেলেন।

সফরের চূড়ান্ত পর্যায়ে শ্রী মোদী যাবেন ইতালিতে। সেখানে রাষ্ট্রপতি সার্গিও মাতারেলা ও প্রধানমন্ত্রী জর্জিয়া মেলনির সঙ্গে তিনি বৈঠক করবেন।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, সুইডিস কোম্পানীগুলিকে, 'মেক ইন ইন্ডিয়া', 'জাতীয় গ্রিন হাইড্রোজেন মিশন' ও 'বিরল খনিজ মিশন'-এর মতো উদ্যোগে আরো বেশী করে ভারতে বিনিয়োগের জন্য আহ্বান জানিয়েছেন।

গোথেনবার্গে বাছাই করা সুইডিস কোম্পানীগুলির CEO-দের সঙ্গে আলাপচারিতায় শ্রী মোদী, ভারতের পণ্য প্রস্তুত, পরিবেশ অনুকূল হাইড্রোজেন মিশন, স্বচ্ছ জ্বালানি সহ অন্যান্য ক্ষেত্রে আরো বেশী করে অংশ নেবার অনুরোধ জানান। ভারত ও সুইডেনের মধ্যে, উদ্ভাবন, স্বচ্ছতা, সুস্থায়ী উন্নয়ন ও গণতন্ত্রের অভিন্ন মূল্যবোধের কথা উল্লেখ করে শ্রী মোদী বলেন, ভারতের দ্রুত অর্থনৈতিক রূপান্তরে সুইডিস কোম্পানীগুলির অংশগ্রহণ, আরো অর্থবহ হয়ে উঠবে। মোবাইল প্রযুক্তির মানোন্নয়নের ওপর তিনি জোর দেন।

*******************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী, উত্তরপ্রদেশের লক্ষিমপুর ফেরীর দুর্ঘটনায় প্রাণহানিতে গভীর শোক প্রকাশ করেছেন। নিহত প্রত্যেকের নিকট আত্মীয়কে প্রধানমন্ত্রী, জাতীয় ত্রাণ তহবিল থেকে ২'লক্ষ টাকা ও আহতদের ৫০ হাজার টাকা দেওয়ার কথাও তিনি ঘোষণা করেছেন।
উল্লেখ্য, উত্তরপ্রদেশের লক্ষিমপুর ফেরীর কাছে আজ সকালে একটি দ্রুতগামী ট্রাক এবং গাড়ির মুখোমুখি সংঘর্ষে অন্ততঃ ৯' জনের মৃত্যু হয়েছে।

*******************************************************************

মার্কিন রাষ্ট্রপতি ডোনাল্ড ট্রাম্প তেহরানের উদ্দেশ্যে নতুন করে করা সতর্ক বার্তা জারি করায় পশ্চিম এশিয়ার যুদ্ধ পরিস্থিতি নতুন করে উত্তপ্ত হয়ে উঠেছে। সোশ্যাল মিডিয়ায় এক বার্তায় ট্রাম্প হুঁশিয়ারি দিয়ে বলেছেন, ইরানের হাতে সময় ফুরিয়ে আসছে, তাদের দ্রুত চুক্তির পথে এগতে হবে।
এদিকে, ইরানের সংবাদমাধ্যম সূত্রে জানানো হয়েছে যে, ওয়াশিংটনের দেওয়া মূল শর্তগুলি কোনোভাবেই মেনে চলা সম্ভব নয়। এতে বলা হয়েছে, ইরানকে তাদের মজুত ৪ শো কিলোগ্রাম সমৃদ্ধ ইউরেনিয়াম আমেরিকার হাতে তুলে দিতে হবে। এবং একটিমাত্র পরমাণু কেন্দ্র সচল রাখার অনুমতি মিলবে। একই সঙ্গে যুদ্ধের ক্ষয়ক্ষতি বাবদ কোনও অর্থ তারা দাবি করতে পারবে না।
অন্যদিকে, তেহেরান আমেরিকার এই শর্তাবলিকে সম্পূর্ণ ভাবে খারিজ করে পাল্টা শর্ত আরোপ করেছে। হরমুজ প্রণালীর অপর ইরানের একচ্ছত্র নিয়ন্ত্রণকে স্বীকৃতি দেওয়ার দাবীর পাশাপাশি অবিলম্বে লেবানন সহ সমগ্র অঞ্চলে সামরিক অভিযান বন্ধের দাবি করা হয়েছে।

*******************************************************************

পশ্চিম এশিয়ার উদ্ভূত পরিস্থিতিতে জ্বালানি সংকটের মধ্যেই ২০হাজার মেট্রিক টন এল পিজি নিয়ে একটি জাহাজ গুজরাটের কান্দলায় দীনদয়াল বন্দরে এসে পৌঁছেছে। মার্শাল আইল্যান্ড-এর পতাকা বহনকারী

জাহাজ ‘এমভি সাইমি’ কাতার থেকে যাত্রা শুরু করে চলতি মাসের ১৩ তারিখে হরমুজ প্রণালী অতিক্রম করেছিল।

উল্লেখ্য গত মার্চ মাসের শুরু থেকে ভারতের পতাকা বহনকারী ১২টি এলপিজি ট্যাঙ্কার এবং একটি অপরিশোধিত তেলের ট্যাঙ্কার হরমুজ প্রণালী অতিক্রম করেছে। ওমানের উপকূলের সন্নিকটে অবস্থিত এই সংকীর্ণ জলপথটি দিয়ে বিশ্বের মোট জ্বালানি সরবরাহের প্রায় এক-পঞ্চমাংশ চলাচল হয়।

*****************************************************************

প্রতিরক্ষা মন্ত্রী রাজনাথ সিং, ভিয়েতনাম ও দক্ষিণ কোরিয়া সফরে নতুন দিল্লি থেকে রওনা হয়েছেন। এই দুই দেশের সঙ্গে ভারতের সামরিক সহযোগিতা, প্রতিরক্ষা শিল্পে অংশীদারিত্ব এবং ভারত-প্রশান্ত মহাসাগরীয় অঞ্চলে সামুদ্রিক সহযোগিতা জোরদার করার বিষয়ে তিনি আলোচনা করবেন। ভিয়েতনাম সফরে প্রতিরক্ষা মন্ত্রী , সেদেশের জাতীয় নিরাপত্তা মন্ত্রী জেনারেল ফ্যান ভ্যান গিয়াং-এর সঙ্গে বৈঠকে বসবেন। আগামীকাল ভিয়েতনামের প্রাক্তন রাষ্ট্রপতি হো-চি-মিন-এর ১৩৬-তম জন্মবার্ষিকীতে শ্রী সিং সেখানে থাকবেন।

*****************************************************************

মার্কিন যুক্তরাষ্ট্রের ইডাও-তে গতকাল এক বায়ুসেনা ঘাঁটিতে এয়ার শো চলার সময় দুটি ফাইটার জেটের মধ্যে মাঝ আকাশে সংঘর্ষ হয়। তবে, চারজন ক্রু সদস্যের সকলেই সংঘর্ষের আগে নিরাপদে বেরিয়ে আসতে পেরেছিলেন।

মাঝ আকাশে দুটি বিমানের সংঘর্ষের কারণ অবশ্য কর্তৃপক্ষ জানায়নি।

*****************************************************************

কেরালাম-এ, প্রবীন কংগ্রেস নেতা ভিডি সতীশনের নেতৃত্বে নতুন UDF মন্ত্রিসভা, আজ তিরুবনান্তপুরমে শপথ নিয়েছে। রাজ্যপাল রাজেন্দ্র বিশ্বনাথ আর্লেকার, নতুন মন্ত্রীদের পদ ও মন্ত্রগুপ্তির শপথ বাক্য পাঠ করান। কেরালার প্রাক্তন প্রদেশ কংগ্রেস সভাপতি ও প্রাক্তন বিরোধী নেতা রমেশ চেন্নিথালা, সানি যোশেফ, কে মুরলীধরন এবং IUML নেতা পি কে কানহারি কুট্টি, নতুন মন্ত্রিসভায় স্থান পেয়েছেন। কেরলমে ২১ সদস্যের মন্ত্রিসভা, আজ শপথ নিল।

প্রধানমন্ত্রী, ভিডি সতীশনকে কেরালামের মুখ্যমন্ত্রী হওয়ায় অভিনন্দন জানিয়েছেন।

*****************************************************************

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ, আজ রায়পুরে ৪০০ টি ‘নেক্সট জেন ডায়াল-১১২’ গাড়ির যাত্রার সূচনা করলেন। এই অনুষ্ঠানে মুখ্যমন্ত্রী বিষ্ণু দেও সাই, রাজ্য বিধানসভার অধ্যক্ষ রমন সিং এবং উপমুখ্যমন্ত্রী বিজয় শর্মা উপস্থিত ছিলেন। ‘ডায়াল-১১২’ পরিষেবাটি ছত্তিশগড়ের ১৬ টি জেলায় চালু ছিল। রাজ্য সরকার এখন এটি রাজ্যের ৩৩ টি জেলায় সম্প্রসারিত করেছে।

*****************************************************************

পাঁচ লক্ষ টাকার বিনিময়ে নিট-এর প্রশ্নপত্র কেনার অভিযোগে সিবিআই মহারাষ্ট্রের নান্দের থেকে এক ব্যক্তিকে তলব করেছে। গতকাল তাকে সিবিআইয়ের পুণে কার্যালয়ে বেশ কিছুক্ষণ জিজ্ঞাসাবাদ করা হয়। আগামীকালও ফের তাকে হাজিরা দিতে সমন পাঠানো হয়েছে। অন্যদিকে, এই একই মামলায় দিল্লির রাউস অ্যাভিনিউ আদালত পুণের বাসিন্দা মনীষা মান্ধারেকে ১৪ দিনের সিবিআই হেফাজতে পাঠিয়েছে। গত শনিবার এই মামলার তদন্তে তাকে গ্রেফতার করে সিবিআই। অভিযুক্ত মান্ধারে NEET এর জীববিদ্যার প্রশ্নপত্র ফাঁসের মূল ষড়যন্ত্রকারী বলে মনে করছে সিবিআই।

*******************************************************************

মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর পৌরহিত্যে আজ নবান্নে পশ্চিমবঙ্গ মন্ত্রিসভার দ্বিতীয় বৈঠকে, সরকারি কর্মচারীদের জন্য বেতন কমিশন গঠন, অন্নপূর্ণা যোজনা সহ বিভিন্ন গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত নেওয়া হয়েছে। বৈঠকের পর পুর ও নগরোন্নয়ন মন্ত্রী অগ্নিমিত্রা পাল সাংবাদিকদের জানান, ‘অন্নপূর্ণা যোজনা’-য় মন্ত্রিসভা নীতিগত অনুমোদন দিয়েছে। রাজ্য সরকারি বাসে মহিলারা বিনা ভাড়ায় যাতায়েত করতে পারবেন। রাজ্য সরকারি কর্মচারী এবং বিধিবদ্ধ সংস্থা, নিগম, শিক্ষা প্রতিষ্ঠান ইত্যাদির বেতন কাঠামো সংশোধনের লক্ষ্যে সপ্তম রাজ্য বেতন কমিশন গঠনের সিদ্ধান্ত হয়েছে। এছাড়াও, তথ্য ও সংস্কৃতি বিষয়ক দপ্তর এবং সংখ্যালঘু বিষয়ক ও মাদ্রাসা শিক্ষা দপ্তরের অধীনস্থ ধর্মীয় শ্রেণী বিন্যাসের ভিত্তিতে প্রদত্ত সহায়তামূলক প্রকল্পগুলি, এমাস পর্যন্ত চলবে। পরের মাস থেকে তা বন্ধ করা হবে।

সংরক্ষণ ও তালিকা পুনর্বিবেচনার ক্ষেত্রে, হাইকোর্টের নির্দেশ অনুযায়ী নতুন করে অনুসন্ধানের পর হাইকোর্ট যেসমস্ত গোষ্ঠীকে অন্তর্ভুক্ত করেছে, সে বিষয়ে রাজ্য সরকার সিদ্ধান্ত নেবে।

*******************************************************************

দক্ষিণ-পশ্চিম মৌসুমি বায়ু চলতি মাসের ২৬ তারিখে কেরালামে প্রবেশ করতে পারে বলে, ভারতীয় মৌসম বিভাগ জানিয়েছে। আগামী দুই থেকে তিন দিনের মধ্যে মৌসুমি বায়ু দক্ষিণ-পূর্ব আরব সাগর, বঙ্গোপসাগর, আন্দামান দ্বীপপুঞ্জ এবং আন্দামান সাগরের আরও কিছু অংশে প্রবেশ করার অনুকূল পরিস্থিতি তৈরি হয়েছে।

IMD আরও জানিয়েছে, আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জ, অরুণাচল প্রদেশ, আসাম, মেঘালয়, উপকূলীয় কর্ণাটক এবং কেরালা ও মাহে-তে আজ ভারী বৃষ্টির সম্ভাবনা। এছাড়া লাক্ষাদ্বীপ, নাগাল্যান্ড, মণিপুর, মিজোরাম ও ত্রিপুরা, দক্ষিণ অভ্যন্তরীণ কর্ণাটক, তামিলনাড়ু, পুদুচেরি এবং কারাইকালেও একই ধরনের আবহাওয়া বিরাজ করবে।

অন্যদিকে, উত্তর-পশ্চিম ভারতে তাপপ্রবাহের সতর্কতা দিয়েছে IMD। পশ্চিম উত্তরপ্রদেশে আজ তীব্র তাপপ্রবাহের পূর্বাভাস রয়েছে। পূর্ব উত্তরপ্রদেশ, হরিয়ানা, চণ্ডীগড়, দিল্লি, মধ্যপ্রদেশ, মারাঠওয়াড়া, পাঞ্জাব, রাজস্থান, তেলেঙ্গানা এবং বিদর্ভের বেশ কিছু এলাকায় তাপপ্রবাহের সম্ভাবনা। আগামী তিন চার দিন উত্তর-পশ্চিম ভারতের বিভিন্ন জায়গায় সর্বোচ্চ তাপমাত্রা ৩ থেকে ৫ ডিগ্রি সেলসিয়াস পর্যন্ত বাড়তে পারে।

*****************************************************************

মধ্য আফ্রিকার কঙ্গো এবং উগান্ডায় ইবোলা ভাইরাসের প্রাদুর্ভাবে বিশ্ব স্বাস্থ্য সংস্থা WHO উদ্বেগ প্রকাশ করেছে। এখনও পর্যন্ত ৮০ জন ইবোলা আক্রান্তে মৃত্যু হয়েছে বলে খবর পাওয়া গেছে। রাষ্ট্রসংঘ এক বিবৃতিতে জানিয়েছে, কঙ্গোর বেশ কিছু এলাকায় গত শনিবার পর্যন্ত অন্তত ২৪৬ জনের আক্রান্ত হওয়ার খবর পাওয়া গেছে।

*****************************************************************

বিহারের সাসারাম রেল স্টেশনে প্যাসেঞ্জার ট্রেনের একটি কামরায় অগ্নিকান্ডের কারণ অনুসন্ধানে বিস্তারিত তদন্ত চলছে বলে, ভারতীয় রেল জানিয়েছে।

আজ ভোরে প্ল্যাটফর্মে দাঁড়িয়ে থাকা খালি সাসারাম-পাটনা প্যাসেঞ্জার ট্রেনের একটি কামরায় আগুন ধরে যায়। তবে ক্ষয়ক্ষতির কোনো খবর নেই।

*****************************************************************

চেন্নাইয়ের এম এ চিদম্বরম স্টেডিয়ামে আজ IPL-এর ম্যাচে চেন্নাই সুপার কিংস, সানরাইজার্স হায়দ্রাবাদের বিরুদ্ধে খেলবে। খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়। ১২ ম্যাচে ১৪ পয়েন্ট সংগ্রহ করে সানরাইজার্স লিগ তালিকায় তৃতীয়, চেন্নাই ১২ ম্যাচে ১২ পয়েন্ট সংগ্রহ করে ষষ্ঠ স্থানে আছে।

*****************************************************************